তারিখ 1·8 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

শিক্ষামন্ত্রীর বিবৃতি

# শিক্ষাক্ষেত্রে প্রধান চ্যালেঞ্জ গুণগত মান বৃদ্ধি

সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার গুণগত মান বাড়ানোর লক্ষ্যে সরকার ব্যাপক পরিকল্পনা ও কর্মসূচি গ্রহণ করেছে। শিক্ষাক্ষেত্রে প্রধান চ্যালেঞ্জ– এর গুণগত মান বৃদ্ধি উল্লেখ করে তিনি বলেন, 'সেটি উপলব্ধি করেই নানা পরিকল্পনা নিয়ে এগোচ্ছি।' ঐতিহাসিক শিক্ষা দিবসের ৫৪তম বার্ষিকী উপলক্ষে গতকাল শনিবার এক বিবৃতিতে তিনি এ কথা বলেন।

১৯৬২ সালের ১৭ সেপ্টেম্বর পাকিস্তানের সামরিক শাসক আইয়ুব খানের চাপিয়ে দেওয়া গণবিরোধী 'জাতীয় শিক্ষানীতি' বাতিল করে গণমুখী, বিজ্ঞানমনস্ক ও অসাম্প্রদায়িক শিক্ষা ব্যবস্থার দাবিতে ছাত্রসমাজ অপ্রতিরোধ্য আন্দোলন গড়ে তুলেছিল। এ আন্দোলনে অংশ নিয়ে বাবুল, ওয়াজিউল্লাহ, মোস্তফাসহ কয়েকজন শহীদ হন।

শিক্ষা দিবসের তাৎপর্য উপলব্ধি এবং শিক্ষার লক্ষ্য অর্জনে সরকারের কার্যক্রম প্রসারিত হচ্ছে উল্লেখ করে নুরুল ইসলাম নাহিদ বলেন, ২০২১ সালে মধ্যম আয়ের রাষ্ট্র গঠনে নতুন প্রজন্মকে প্রস্তুত করে তোলাকে শিক্ষার মূল লক্ষ্য নির্ধারণ করেছি আমরা। নাহিদ বলেন, মাদ্রাসা শিক্ষায় ইসলামী শিক্ষার উন্নয়ন এবং আধুনিক শিক্ষার সমন্বয়সাধন করে ব্যাপক পৃষ্ঠা ১১ : কলাম ৭

# শিক্ষাক্ষেত্রে প্রধান চ্যালেঞ্জ

[তৃতীয় পৃষ্ঠার পর]

উন্নয়ন করা হয়েছে– যা ইতিপূর্বে অভাবনীয় ছিল।

**বর্তমান শিক্ষার সঙ্গে নৈতিকতার অনেক দূরত্ব :** বর্তমান শিক্ষা ব্যবস্থার সঙ্গে নৈতিকতার অনেক দূরত্ব সৃষ্টি হয়েছে। শিক্ষায় এখন আর সুনাগরিক সৃষ্টি হচ্ছে না। বাংলাদেশে জাতীয়ভাবে হাত ধোয়া দিবস পালিত হয়। অথচ শিক্ষা দিবস পালিত হয় না। এটা সার্বিক শিক্ষা ব্যবস্থার গলদ। গতকাল দুপুরে জাতীয় প্রেস ক্লাবের ভিআইপি লাউঞ্জে 'প্রগতি ও শান্তির পক্ষে শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবক' শীর্ষক আলোচনা সভায় বক্তারা এসব কথা বলেন। শিক্ষা দিবস উপলক্ষে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট ও ইনিশিয়েটিভ ফর হিউম্যান ডেভেলপমেন্ট যৌথভাবে এ আলোচনা সভার আয়োজন করে।

আয়োজক সংগঠনের প্রধান সমন্বয়কারী অধ্যাপক কাজী ফারুকের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক, অ্যাকশনএইড বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ফারাহ কবির, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি আজিজুল ইসলাম, কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ আসাদুল হক, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের সভাপতি হাবিবুর রহমান, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব মহসীন রেজা প্রমুখ।